দৈনিক সংবাদ

৬৭

112

তারিখ ... 07-SEP 1989
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩ ...

## প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের নিকট আবেদন

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শাখা ৭/২এ-১/৮৭।৯৩৬-শিক্ষা তাং ২৯।৮।৮৮ পত্র মোতাবেক নির্দেশ দেয়া হয়েছে পি,টি, আই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষকগণ যাদের কমপক্ষে বিএড ডিগ্রী আছে তাদের ইনস্ট্রাক্টরদের প্রযোজ্য জাতীয় ১৩৫০/-২৭৫০/- টাকা বেতন স্কেল প্রদান করা হলো। পত্রে আরো উল্লেখ আছে যে মাধ্যমিক বিদ্যালয়ের জুনিয়র শিক্ষকগণ যে সকল সুযোগ-সুবিধা পেয়েছেন পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষকগণও সে সুযোগ-সুবিধা পাবেন।

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ১৪১৭৪/১১০/১ আই/১ পিআই/টি সি/৮৭ তাং ৩১-১২-৮৮ পত্র মোতাবেক সুপারিনটেনডেন্টদ্বয়কে নির্দেশ দেয়া হয় বি, এড ডিগ্রীপ্রাপ্ত শিক্ষকগণকে সনদপত্র যাচাইপূর্বক ইনস্ট্রাক্টরদের প্রযোজ্য স্কেল ১৩৫০/-২৭৫০/- টাকা বেতন স্কেল প্রদান করা হোক। কিন্তু এখানে জুনিয়র শিক্ষকগণকে যে সুবিধা দেয়া হয়েছে পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষকগণকে সে সুযোগ হতে বঞ্চিত করা হয়েছে তা হলো, জুনিয়র শিক্ষকগণকে বিষয়ভিত্তিক শিক্ষকরূপে গণ্য করা হয়েছে তথায় পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষকগণকে ইনস্ট্রাক্টররূপে গণ্য করা হয়নি।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নিকট আবেদন বি, এড পাসের তারিখ থেকে যেমন ভাবে বেতন স্কেল প্রদান করা হয়েছে তেমনিভাবে ইনস্ট্রাক্টররূপে গণ্য করে পেশাগত দায়িত্ব পালনে সুযোগ দিতে আজ্ঞা হয়।

মোঃ আলাউদ্দীন,
শিক্ষক,
কমলাপুর পি,টি,আই, চুয়াডাঙ্গা।